

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৭৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ যেই বৈশিষ্ট্যের মাধ্যমে একজন ব্যক্তি আল্লাহর রাস্তায় শাহাদতবরণ না করেও শহীদের মর্যাদা পেতে পারে
তার বিবরণ

ذِكْرُ الْخِصَالِ الَّتِي يُدرِك بِهَا الْمَرْءُ فَضْلَ الشَّهَادَةِ وَإِنْ لَمْ يُقْتَلْ فِي سَبِيلِ اللَّهِ

## আরবী

3176 ـ أُخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ تَعُدُّون الشُّهَدَاءَ فِيكُمْ؛ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَنْ قُتل فِي سَبِيلِ اللَّهِ فَهُو شَهِيدٌ قَالَ: (إِنَّ شُهَدَاءَ أُمَّتِي إِذًا لَقَلِيلٌ) قَالُوا: مَنْ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (مَنْ عَابِيلِ اللَّهِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي سَبِيلِ اللَّهِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي الطَّاعُونِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي بطنٍ فَهُو شَهِيدٌ) اللَّهِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي الطَّاعُونِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي بطنٍ فَهُو شَهِيدٌ) اللَّهِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي الطَّاعُونِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي بطنٍ فَهُو شَهِيدٌ) الطَّاعُونِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي بطنٍ فَهُو شَهِيدٌ) قَالَ اللَّهِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي الْحَدِيثِ الطَّاعُونِ فَهُو شَهِيدٌ وَمَنْ مَاتَ فِي بطنٍ فَهُو شَهِيدٌ) اللَّه بْنُ مِقْسَمٍ قَالَ: أَشْهُدُ عَلَى أَبِيكَ أَنَّهُ زَادَ فِي الْحَدِيثِ اللَّهَ بْنُ مِقْسَمٍ قَالَ: أَشْهُدُ عَلَى أَبِيكَ أَنَّهُ زَادَ فِي الْحَدِيثِ اللَّهَ عَلَى أَبِيكَ أَنَّهُ زَادَ فِي الْحَدِيثِ اللَّهَ اللَّهِ بْنُ مِقْسَمٍ قَالَ: أَشْهُدُ عَلَى أَبِيكَ أَنَّهُ زَادَ فِي الْحَدِيثِ اللَّهَ عَلَى أَبِيكَ أَنَّهُ زَادَ فِي الْحَدِيثِ اللَّهَ عَلَى أَبِيكَ أَنَّهُ وَاللَّهُ بْنُ مُ عَرِقَ فهو شَهيد) الله الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصدي على صحيح ابن حبان الصدود : المحدث : صحيح و ((الأحكام)) (51): م.

## বাংলা

৩১৭৬. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমাদের মাঝে তোমরা কাকে শহীদ হিসেবে গণ্য করো?" সাহাবীগণ জবাবে বললেন, "যে ব্যক্তি আল্লাহর রাস্তায় নিহত হন, তিনি শহীদ।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তাহলে তো আমার উম্মাতের শহীদের সংখ্যা কম হয়ে যাবে!" সাহাবীগণ আরজ করলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, শহীদ কে?" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যে ব্যক্তি আল্লাহর রাস্তায় নিহত হন, তিনি শহীদ। যে ব্যক্তি আল্লাহর রাস্তায় মারা যায়, তিনি শহীদ। যে ব্যক্তি মহামারীতে মারা যায়, তিনি শহীদ।



যে ব্যক্তি পেটের অসুস্থতায় মারা যায়, তিনিও শহীদ।"

সুহাইল রহিমাহুল্লাহ বলেন, "আমাকে হাদীস বর্ণনা করেছেন উবাইদুল্লাহ বিন মিকসাম, তিনি বলেছেন, "আমি তোমার বাবার ব্যাপারে কসম করে বলছি, তিনি হাদীসে পঞ্চম আরেকটি বিষয় বৃদ্ধি করেছেন। সেটি হলো, "যে ব্যক্তি পানিতে ডুবে মারা যায়, তিনিও শহীদ।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৯১৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৫৭৪; মুসনাদ আহমাদ: ২/৫২২; ইবনু মাজাহ: ২৮০৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৫/৩৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ২২৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন